

## প্রেস রিলিজ

০৮ মে, ২০২৪

### বাউবিতে স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেনিং এন্ড রিসার্চ শাখার উদ্যোগে শিক্ষক ও কর্মকর্তাদের নিয়ে ৮ মে ২০২৪, বুধবার বাউবির সেমিনার হলে স্কাউটিং বিষয়ক এক ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ূন আখতার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কোর্সের উদ্বোধন করেন। তিনি এ সময়ে বলেন, স্কাউটিং এর মাধ্যমে নিজের মধ্যে আত্মবিশ্বাস তৈরি হয়, জীবনকে পরিবর্তন করা যায়। সকল শিক্ষার্থীকে স্কাউটিংয়ের বিষয়ে জ্ঞান অর্জন করার পরামর্শ দেন। বাস্তবজীবনে সফলতা জন্য প্রত্যেক প্রতিষ্ঠানে স্কাউটিং বিষয়ে সহ কারিকুলাম থাকা প্রয়োজন। সহ শিক্ষা কার্যক্রম বা এক্সট্রা কারিকুলামে সময় দেওয়ার তাগিদ দেন। বাউবির সারা দেশব্যাপি নেটওয়ার্কের মাধ্যমে স্কাউটিং বিষয়ের জ্ঞান প্রাপ্তিক পর্যায় পর্যন্ত শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে দেওয়ার আহ্বান জানান তিনি। স্মার্ট সিটিজেন, স্মার্ট বাংলাদেশ বিগির্মাণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার প্রত্যয়কে বাস্তবায়ন করা এবং সুখী সমৃদ্ধ উন্নত বাংলাদেশ গড়ার যে অভিপ্রায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিয়েছেন, যে রূপকল্প ২০৪১ তিনি আমাদের দিয়েছেন, তার প্রকৃত বাস্তবায়নে স্কাউটিংয়ের জ্ঞান অপরিহার্য বলেও উল্লেখ করেন উপাচার্য।



স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ূন আখতার

উদ্বোধনী অনুষ্ঠানে বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, বাংলাদেশ স্কাউটস রোভার রিজিয়নের সেক্রেটারি অধ্যাপক মুহাম্মদ এনামুল হক খান এবং কোর্স লিডার অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বাউবির রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাউবির ডিন, বিভাগীয় প্রধান এবং আঞ্চলিক পরিচালকসহ ৫০জন শিক্ষক, কর্মকর্তা অংশগ্রহণ করেন। ওরিয়েন্টেশন উদ্বোধনী অনুষ্ঠান সঞ্চালনা করেন ট্রেনিং এন্ড রিসার্চ শাখার যুগ্ম-পরিচালক শেখ রেজাউল ইসলাম।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)